

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১(২)জারাবো/জনসংযোগ/০৭/১৮৭

তারিখ : ২৯-১০-২০০৮ইং।

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এস. আর. ও নং-২০০৮ অনুযায়ী অপ্রদর্শিত আয় ও বিনিয়োগ ঘোষণা এবং আয়কর রিটার্ন জমাদান প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, ৩০-০৬-২০০৮ তারিখ জারিকৃত এস. আর. ও নং-২০০৮ অনুযায়ী সম্মানিত করদাতাগণ কর্তৃক অপ্রদর্শিত আয় বা বিনিয়োগ ঘোষণার শেষ তারিখ ৩১শে অক্টোবর ২০০৮ পর্যন্ত নির্ধারিত ছিল। ৩১শে অক্টোবর ২০০৮ তারিখ রোজ শুক্রবার ও ০১ নভেম্বর ২০০৮ তারিখ রোজ শনিবার সরকারী ছুটির দিন থাকায় পরবর্তী কার্যদিবস অর্থাৎ আগামী ০২ নভেম্বর ২০০৮ তারিখ পর্যন্ত অপ্রদর্শিত আয় ও বিনিয়োগ ঘোষণা দেয়া যাবে। এছাড়াও সম্মানিত করদাতাগণ আগামী শনিবার ০১ নভেম্বর ২০০৮ তারিখেও তাদের নির্ধারিত স্ব স্ব সার্কেলে আয়কর রিটার্ন জমাদান করতে পারবেন। এতদসংশ্লিষ্ট সকল কর কার্যালয়ে ঐদিন আয়কর রিটার্ন গ্রহণ করা হবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার মিডিয়ায় প্রচারের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে সর্বিনয়ে অনুরোধ করা যাচ্ছে।

আদেশক্রমে
জাতীয় রাজস্ব বোর্ড।

(সৈয়দ এ. মু'মেন)
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৩৪৬৮২৪